

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
(দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ শাখা)
www.brahmanbaria.gov.bd

স্মারক নং-৫১.০১.১২০০.০০০.৪১.০০১.২৪. ২৪৫

তারিখ: ২০ মাঘ ১৪৩১
২৭ জানুয়ারি ২০২৫

বিষয় : ত্রাণ কার্য (নগদ) উপ-বরাদ্দ প্রদান।

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকার স্মারক নং-৫১.০১.০০০০.০১৫.২০.০৮৪.২৪.১৯১ তারিখ: ০৭/০৭/২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়িয়া জেলার নিম্নে উল্লিখিত উপজেলায় বিভিন্ন সময়ে সংঘটিত অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে মানবিক সহায়তা প্রদানের লক্ষ্যে অগ্নিকাণ্ডে ক্ষয়ক্ষতির প্রতিবেদন সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারগণ এ কার্যালয়ে দাখিল করেন।

মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-২০১৩ এর ৭ (খ) মোতাবেক প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত পরিবার প্রতি সর্বোচ্চ ৭,৫০০ টাকা নগদ অর্থ সাহায্য প্রদান করা যায়।

বর্তমানে এ জেলায় কোন ডেউটিন মজুদ না থাকায় বিভিন্ন সময়ে সংঘটিত অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবারের আর্থিক সহযোগিতা প্রদানের লক্ষ্যে ত্রাণ কার্য (নগদ) খাতে মজুদ ১৪,৮০,০০০/- (চৌদ্দ লক্ষ আশি হাজার) টাকা হতে মানবিক সহায়তা হিসেবে বিতরণের লক্ষ্যে পরিবার প্রতি ৫,০০০/- টাকা হারে ২২টি পরিবারকে (৫,০০০×২২)= ১,১০,০০০/- (এক লক্ষ দশ হাজার) টাকা নিম্নোক্ত ছকের ৫ নম্বর কলামে উল্লিখিত পরিমাণ নগদ অর্থ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের অনুকূলে উপবরাদ্দ প্রদান করা হলো।

ক্রম	উপজেলার নাম	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে প্রাপ্ত স্মারক নম্বর ও তারিখ	অগ্নিকাণ্ডে ক্ষতিগ্রস্ত পরিবার সংখ্যা	প্রস্তাবিত নগদ অর্থের (পরিমাণ) (প্রতি পরিবার ৫,০০০/-)	উপজেলায় মোট উপবরাদ্দের পরিমাণ	সংশ্লিষ্ট উপজেলার অনুকূলে ইস্যুকৃত চেক নম্বর
১	২	৩	৪	৫	৬	৭
১.	আশুগঞ্জ	৮৪, ০৬/০১/২০২৫	০৩	১৫,০০০/-	১৫,০০০/-	৯৮২১০১৫
২.	কসবা	২৪, ২২/১২/২০২৪	০১	৫,০০০/-	৫,০০০/-	৯৮২১০১৬
৩.	বাঞ্ছারামপুর	৯৬৮, ০৪/১১/২০২৪	০১	৫,০০০/-	১০,০০০/-	৯৮২১০১৭
		০৪, ১৩/০১/২০২৫	০১	৫,০০০/-		
৪.	বিজয়নগর	১০৯, ২৯/১২/২০২৪	০৩	১৫,০০০/-	২০,০০০/-	৯৮২১০১৮
		১০৮, ২৩/১২/২০২৪	০১	৫,০০০/-		
৫.	ব্রাহ্মণবাড়িয়া সদর	৩২৬, ২৪/১২/২০২৪	০১	৫০০০/-	১৫,০০০/-	৯৮২১০১৯
		৩২৭, ২৪/১২/২০২৪	০১	৫০০০/-		
		২২, ২১/০১/২০২৫	০১	৫০০০/-		
৬.	নাসিরনগর	১০৩, ১৭/১১/২০২৪	০১	৫,০০০/-	৫,০০০/-	৯৮২১০২০
৭.	নবীনগর	৬৪৭, ২৫/০৮/২০২৪	০১	৫,০০০/-	৪০,০০০/-	৯৮২১০২১
		৬৪৬, ২৫/০৮/২০২৪	০১	৫,০০০/-		
		৬৯৭, ২৫/১১/২০২৪	০৬	৩০,০০০/-		
সর্বমোট=			২২	১,১০,০০০/-	১,১০,০০০/-	চেক-৭টি

২। জেলা প্রশাসক মহোদয়ের সদয় অনুমোদনক্রমে এ বরাদ্দ আদেশ জারি করা হলো।

শর্তাবলী:

- (ক) বরাদ্দকৃত ত্রাণ কার্য (নগদ) অর্থ শুধুমাত্র আপদকালীন সময়ে ক্ষতিগ্রস্ত পরিবারের মাঝে বিতরণ করতে হবে;
- (খ) মানবিক সহায়তা কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা ২০১২-১৩ অনুসরণপূর্বক এ বরাদ্দ বিতরণ করতে হবে এবং নিরীক্ষার জন্য প্রয়োজনীয় হিসাব সংরক্ষণ করতে হবে ;
- (গ) প্রতিমাসে ব্যয় বিবরণী দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর এবং দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ও অত্র কার্যালয়ে প্রেরণ করতে হবে ।
- (ঘ) প্রাকৃতিক দুর্যোগ ব্যতীত অন্য কোন কাজে এ বরাদ্দ বিতরণ করা যাবে না ;

উপজেলা নির্বাহী অফিসার
আশুগঞ্জ/কসবা/বাঞ্ছারামপুর/বিজয়নগর/
ব্রাহ্মণবাড়িয়া সদর/নাসিরনগর/নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া

মোহাম্মদ মাজহারুল ইসলাম
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ব্রাহ্মণবাড়িয়া
মোবাইল- ০১৭০০৭১৬৭০০
drrobrahmanbaria@ddm.gov.bd

স্মারক নং-৫১.০১.১২০০.০০০.৪১.০০১.২৪.

তারিখ : ২৬ মাঘ ১৪৩১
২৭ জানুয়ারি ২০২৪

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :

- ০১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ৯২-৯৩, মহাখালী, বা/এ, ঢাকা-১২১২ ।
- ০২। সহকারী কমিশনার (গোপনীয় শাখা), জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া (জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৩। প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া । তাঁকে বর্ণিত পত্রটি জেলা প্রশাসক মহোদয়ের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো ।
- ০৪। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, আশুগঞ্জ/কসবা/বাঞ্ছারামপুর/বিজয়নগর/ব্রাহ্মণবাড়িয়া সদর/নাসিরনগর/নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া ।
- ০৫। অফিস কপি ।

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
ব্রাহ্মণবাড়িয়া